

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পরিবহন পুলে নতুন গাড়ি সংযোজন



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পরিবহন পুলে নতুন গাড়ি সংযোজিত হয়েছে। এ উপলক্ষে আ৪ ডিসেম্বর-২০১৮, মঙ্গলবার, বেলা: ২টায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান নতুন গাড়িটি উদ্বোধন করেন এবং গাড়িটির চাবি পরিবহন প্রশাসক আবদুল্লাহ-আল-মাসুদ-এর নিকট হস্তান্তর করেন।

এসময় কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আতিয়ার রহমান, বাসটির ক্রয় কমিটির সভাপতি অধ্যাপক ড. মোঃ জাকারিয়া মিয়া, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মোহাম্মদ আব্দুল বাকী, বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ, কর্মকর্তাবৃন্দ ও সাংবাদিক প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, টাটা কোম্পানি নির্মিত মার্কোপোলো মডেলের শীতাতাপ নিয়ন্ত্রিত এই গাড়িটি (মিনিবাস) বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের চলাচলের জন্য ব্যবহৃত হবে।